

উন্নতির জন্য চাই স্থিতিশীল পরিস্থিতি —মাহাথির মোহাম্মদ



কূটনৈতিক প্রতিবেদক ■

মালয়েশিয়ার সাবেক
প্রধানমন্ত্রী মাহাথির
মোহাম্মদ বলেছেন,
যেকোনো দেশের
উন্নতির জন্য
রাজনৈতিক স্থিতিশীলতা
প্রয়োজন। উন্নয়নের

স্বার্থে স্থিতিশীলতা বজায় রেখে বিনিয়োগবান্ধব
পরিবেশ সৃষ্টি করা রাজনৈতিক দলগুলোর দায়িত্ব।
গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে
আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিমত ব্যক্ত
করেন তিনি।

আধুনিক মালয়েশিয়ার রূপকার মাহাথির বলেন,
রাজপথে বিক্ষোভের মাধ্যমে কোনো দেশ উন্নতি
করতে পারে না। একটি দেশের উন্নয়নের পূর্বশর্ত
হলো রাজনৈতিক স্থিতিশীলতা। কারণ
রাজনৈতিক স্থিতিশীলতার ওপর বিদেশী বিনিয়োগ
নির্ভর করে। আর বিদেশী বিনিয়োগ বাড়লে
স্বাভাবিকভাবেই সংশ্লিষ্ট দেশের উন্নয়ন হবে।

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড
সায়েন্সেসের (ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তনে
যোগ দিতে গতকাল ঢাকায় আসেন মাহাথির
মোহাম্মদ। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ
সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন
শেষে ওই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে মাহাথির আরো বলেন, রাজপথে
বিক্ষোভ করে কোনো সরকারকে সরানো হলে
এরপর যারা ক্ষমতায় যাবে, তাদের ক্ষেত্রেও
একই পরিণতি হবে। কোনো নির্বাচনেই সব পক্ষ
জয়ী হয় না উল্লেখ করে তিনি বলেন, যেকোনো
নির্বাচনেই একপক্ষ জয়ী হয় এবং আরেক পক্ষ
পরাজিত হয়। যারা নির্বাচনে পরাজিত হয়,
তাদের ধৈর্য ধরতে হবে। পরবর্তী নির্বাচন পর্যন্ত
অপেক্ষা করতে হবে।

প্রধান বিরোধী দল বিএনপির সাম্প্রতিক জাতীয়
এরপর » পৃষ্ঠা ৬ কলাম ৪

ঢাকা ■ মার্চ ১৬, ২০১৪। চৈত্র ২, ১৪২০

রোববার

বঙ্গবন্ধু বার্তা

First Page.

উন্নতির জন্য চাই

১ম পৃষ্ঠার পর

নির্বাচন বর্জন প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে তিনি
বলেন, নির্বাচন ও ফলাফল বর্জন কোনো সমাধান
নয়। এ ধরনের সিদ্ধান্ত দেশ ও জাতির জন্যও
কল্যাণকর নয়। গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত
রাখতে প্রত্যেক রাজনৈতিক দলকে নিজস্ব অবস্থান
থেকে অবদান রাখা প্রয়োজন। রাজনৈতিক কর্মসূচি
দেয়ার ক্ষেত্রে ধ্বংসাত্মক কর্মসূচি এড়িয়ে চলা
উচিত। এ সময় দেশ ও জাতির স্বার্থে রাজনৈতিক
দলগুলোকে সহনশীল হওয়ারও পরামর্শ দেন তিনি।
এর আগে সমাবর্তন বক্তা হিসেবে মাহাথির

বলেন, 'মুসলিম উম্মাহকে তার আত্মরক্ষার জন্য
জ্ঞান ও বিজ্ঞানে উন্নতি করতে হবে। তাহলেই
কাজিফত উন্নতি করা যাবে। আমাদের ত্যাগের
মানসিকতা ও তথ্যপ্রযুক্তির সমন্বয় ঘটিয়ে সগর্বে
এগিয়ে যেতে হবে।'

সমাবর্তন অনুষ্ঠানে যোগদানের পর অপরাহ্নে
গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য
সাক্ষাৎ করেন মাহাথির। প্রধানমন্ত্রী তাকে
নৈশভোজের আমন্ত্রণ জানান। আজ তার ঢাকা
ত্যাগ করার কথা।